

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প
প্লট নং : ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.esdp.gov.bd

স্মারক নং-০৩.০৮.২৬৮০.০১৪.০৭.০১১.১৯-৬২৪

তারিখ : ২৮/১১/২০১৯ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অধীনে উদ্যোক্তাদের প্রশিক্ষণের জন্য “অনলাইন প্লাটফর্ম, ডিজিটাল কনটেন্ট ও ডাটাবেজ ডিজাইন” সংক্রান্ত সেবা ক্রয়ের নিমিত্ত চুক্তি সম্পাদন নোটিশ Notification of Award (NOA) জারী প্রসঙ্গে।

সূত্র : উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্পের গত ১০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ০৩.০৮.২৬৮০.০১৪.০৭.০১১.১৯-১৪৩ নং স্মারক


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অধীনে উদ্যোক্তাদের প্রশিক্ষণের জন্য “অনলাইন প্লাটফর্ম, ডিজিটাল কনটেন্ট ও ডাটাবেজ ডিজাইন” সংক্রান্ত সেবা ক্রয়ের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ মোতাবেক গত ১০ জুন ২০১৯ খ্রিঃ তারিখে আহবানকৃত EOI বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয় প্রক্রিয়ায় অংশগ্রহণ করে আপনার প্রতিষ্ঠান চূড়ান্ত মূল্যায়নে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যোগ্যতম দরদাতা/প্রস্তাব দাখিলকারী হিসেবে বিবেচিত হয়েছে বিধায় আপনার প্রতিষ্ঠানের অনুকূলে “অনলাইন প্লাটফর্ম, ডিজিটাল কনটেন্ট ও ডাটাবেজ ডিজাইন” সংক্রান্ত সেবা ক্রয়ের নিমিত্ত নির্দেশক্রমে চুক্তি সম্পাদন নোটিশ Notification of Award (NOA) জারী করা হলো এবং দরপত্র দলিলে উল্লেখিত নিম্নোক্ত পদক্ষেপ সমূহ গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) জারীকৃত Notification of Award (NOA) প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে এই বিষয়ে আপনার সম্মতি লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করা;

(খ) Notification of Award (NOA) জারীর ১৪ দিনের মধ্যে (এবং ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখের পরে নয়) দরপত্র দলিলে উল্লেখিত ছক মোতাবেক বাংলাদেশ ব্যাংক এর তফসিলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে টাঃ ৪,২৫,০০০/- (চার লক্ষ পঁচিশ হাজার) টাকার কার্যসম্পাদন জামানত প্রকল্প পরিচালক, উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের অনুকূলে জমা প্রদান; এবং

(গ) Notification of Award (NOA) জারীর ২৮ দিনের মধ্যে (এবং ২৯/১২/২০১৯ খ্রিঃ তারিখের পরে নয়) চুক্তি স্বাক্ষর।

বর্ণিত প্রেক্ষিতে, দরপত্র দলিলে উল্লেখিত উপরোক্ত পদক্ষেপ সমূহ সম্পাদনে ব্যর্থ হলে দর প্রস্তাব বাতিলসহ আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান

প্রকল্প পরিচালক (উপসচিব)

ফোন : ৫৫০০৭২১০

Encoders InfoTech Limited

Address: H#B-121, Rd-21,

Mohakhali, DOHS, Dhaka-1206.

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
(বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
(সিপিটিইউ-এর ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)
- ৩। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
(নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। জনাব লিটন ঢালী, সহকারি প্রকল্প পরিচালক, উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প, ঢাকা
(প্রকল্পের নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৫। নির্বাহী সদস্য-৪ এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
(নির্বাহী সদস্য-৪ মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। অফিস কপি।